# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ফিন্যান্স ও ব্যাংকিং

**সৃজনশীল প্রশ্ন** বিষয় কোড: | ১ | ৫ | ২ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** জনাব আকবর একজন বই বিক্রেতা। তিনি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পাঠ্যবই বিক্রয়ের পাশাপাশি জনপ্রিয় লেখকের উপন্যাস, গল্পের বই ও বিভিন্ন ধর্মীয় বই বিক্রয় করেন। ফলে ক্রেতারা তার দোকানে ভিড় করে। তার দোকানে বই ক্রয় করার জন্য তিনি চলতি মূলধন ব্যবহার করেন।

ক. কখন উৎপাদন কৌশল জটিলতর হয়? ১

খ. ব্যয় সিদ্ধান্তের অপর নাম কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আকবরের পণ্য/বই ক্রয় করার জন্য চলতি মূলধন ব্যবহার কারবারি অর্থায়নের কোন নীতির অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আকবরের পাঠ্যবই বিক্রয়ের পাশাপাশি অন্যান্য বই বিক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**২.▶** পাঁচ বছর পর ৫০,০০০ টাকা পাওয়ার আশায় তুমি কিছু টাকা জমিয়ে ব্যাংকে রাখতে চাও। সোনালী ব্যাংক তোমাকে বার্ষিক ৮% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে। অপর দিকে অগ্রণী ব্যাংক ৭.৫% হারে এক ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদের প্রস্তাব দিয়েছে। বিষয়টি নিয়ে তুমি সিদ্ধান্তহীনতায় ভুগছো।

ক. EAR-এর পূর্ণ রূপ কী? ১

খ. অর্থের সময় মূল্যের মূল কারণ কী? ব্যাখ্যা করো। ২

গ. অগ্রণী ব্যাংকের প্রকৃত সুদের হার নির্ণয় করো। ৩

ঘ. উপর্যুক্ত দুটি ব্যাংকের মধ্যে কোন ব্যাংকটিতে টাকা রাখা যুক্তিযুক্ত— মন্তব্য করো। ৪

**৩.▶** জনাব শাকিল 'গোলাপ' ও 'সুগন্ধা' নামক দুটি প্রকল্পে মূলধন বিনিয়োগ করেছেন। কিন্তু মূলধন অপর্যাপ্ততার কারণে তিনি একটি প্রকল্পের কার্যক্রম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেন। প্রকল্প দুটির গত ৫ বছরের আয়ের পরিমাণ

https://teachingbd24.com

নিম্নরূপ:

| বছর | প্রকল্প গোলাপ (আয় %) | প্রকল্প সুগন্ধা (আয়%) |
|---|---|---|
| ২০১৩ | ২২% | ২৩% |
| ২০১৪ | ২০% | ১৯% |
| ২০১৫ | ১৬% | ১৮% |
| ২০১৬ | ১৮% | ২০% |
| ২০১৭ | ১৪% | ১০% |

ক. অপ্রত্যাশিত আয় থেকে প্রকৃত আয়ের বিচ্যুতি হলে কিসের সৃষ্টি হয়? ১

খ. ব্যবসায়িক ঝুঁকি কি? ব্যাখ্যা করো? ২

গ. আদর্শ বিচ্যুতির সূত্র প্রয়োগ করে 'গোলাপ' প্রকল্পের ঝুঁকির পরিমাণ নির্ণয় করো। ৩

ঘ. জনাব শাকিলের কোন প্রকল্পটি বন্ধ করে দেওয়া উচিত বলে তুমি মনে করো? মন্তব্য করো। ৪

৪.▶ পদ্মা ট্রেডিং ৫,০০,০০০ টাকার ছাপা সংক্রান্ত মেশিনারি জাপান থেকে আমদানি করে। মেশিনগুলো ৫ বছর মেয়াদি এবং এদের বাৎসরিক অবচয় ১,০০,০০০ টাকা। আগামী ৫ বছর মেশিনগুলো থেকে প্রাপ্য নিট মুনাফা নিম্নরূপ:

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| নিট মুনাফা | ৫০,০০০ টাকা | ৬০,০০০ টাকা | ৭০,০০০ টাকা | ৭৫,০০০ টাকা | ৮০,০০০ টাকা |

ক. অর্থায়নের সাফল্যের চাবিকাঠি কোনটি? ১

খ. নগদ আন্তঃপ্রবাহ ও নিট মুনাফার মধ্যে পার্থক্য নির্ণয়কারী উপাদানটি ব্যাখ্যা করো। ২

গ. পদ্মা ট্রেডিং-এর গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. পদ্মা ট্রেডিং-এর পে-ব্যাক সময় নির্ণয় পূর্বক সিদ্ধান্ত লেখো। ৪

৫.▶ একটি কোম্পানির ঋণকৃত মূলধন ৪,০০,০০০ টাকা এবং সাধারণ শেয়ার মূলধন ৬,০০,০০০ টাকা। ঋণকৃত মূলধনের সুদের হার ১৫% এবং করহার ৩০%। সাধারণ শেয়ারের বাজার দর ১৫০ টাকা। কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১৫ টাকা লভ্যাংশ প্রদান করেছে এবং অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৭% হারে বৃদ্ধি পেয়েছে।

ক. কাম্য ঋণনীতি কী? ১

খ. সাধারণ শেয়ার মূলধনের ব্যয় নির্ধারণ অন্যান্য উৎসবের ব্যয় নির্ধারণ থেকে আলাদা কেন? ব্যাখা করো। ২

গ. কোম্পানিটির সাধারণ শেয়ার মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

TeachingBD24.com
https://teachingbd24.com

ঘ. কোম্পানিটির গড় মূলধন ব্যয় নিরূপণ করো। ৪

৬.▶ সালমান ও সাদমান দুই বন্ধু। দুজনেই শেয়ারে বিনিয়োগ করতে চান। তাই তারা বিভিন্ন কোম্পানির তথ্য বিশ্লেষণ করেছেন। সালমান সব সময় ঝুঁকি নিয়ে হলেও বেশি মুনাফার প্রতি আগ্রহ দেখা। তিনি সব সময় গুরুত্বপূর্ণ সিদ্ধান্তে অংশগ্রহণ করতে চান। অপরদিকে সাদমান কম ঝুঁকি ও নিশ্চিত আয় পছন্দ করেন।

ক. জামানতবিহীন বন্ড কোনটি? ১

খ. রাইট শেয়ার কী? ব্যাখ্যা করো। ২

গ. সাদমানের জন্য কোন ধরনের শেয়ারে বিনিয়োগ প্রয়োজন? ৩

ঘ. সালমান যে ধরনের শেয়ারে বিনিয়োগ করতে চান, সেটি সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ— কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

## খ বিভাগ: ব্যাংকিং

৭.▶ পারিসা একদিন তার দাদার কাছ থেকে জানতে পারল যে আগেকার যুগে মানুষেরা তাদের প্রয়োজন অনুযায়ী পণ্য দ্রব্য একজনের সাথে বিনিময় করত, কিন্তু তাতে করে সব ধরনের পণ্য বিনিময় করা যেত না। তাই বিনিময়ের মাধ্যম হিসেবে সর্বজন স্বীকৃত এমন একটি মাধ্যম চালু হয়েছে যা বর্তমানে সবার কাছে গ্রহণীয়।

ক. ব্যাংকিং ব্যবসায়ে লিপ্ত ব্যক্তিকে কী বলে? ১

খ. ব্যাংক কী? ব্যাখ্যা করো। ২

গ. আগেকার দিনে মানুষের মধ্যে লেনদেনের কাজ সম্পাদনের অসুবিধাগত দিকটি ব্যাখ্যা করো। ৩

ঘ. বর্তমানে সবার কাছে গ্রহণীয় সর্বজন স্বীকৃত বিনিময়ের মাধ্যমটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

৮.▶ জনাব আদিল একজন ব্যবসায়ী। তার সাথে যমুনা ব্যাংকের এমন সম্পর্ক রয়েছে, যাতে তিনি ব্যাংকে অর্থ জমা, উত্তোলন এবং প্রয়োজনে ঋণ নিতে পারেন। উক্ত ব্যাংকটি বিভিন্ন পেশায় নিয়োজিত ব্যক্তিবর্গের কাছ থেকে আমানত হিসেবে এবং মালিক পক্ষের কাছ থেকে তহবিল সংগ্রহ করে থাকে।

ক. সাধারণভাবে ব্যাংক বলতে আমরা কোন ব্যাংককে বুঝি? ১

খ. প্রত্যয়পত্র কী? ব্যাখ্যা করো। ২

গ. কার্যভিত্তিক শ্রেণিকরণ অনুযায়ী যমুনা ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. উপর্যুক্ত ব্যাংকটির তহবিল সংগ্রহের উৎসসমূহ বিশ্লেষণ করো। ৪

৯.► জনাব আমিন ঢাকা শাহজাহানপুরে অবস্থিত একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তার একটি উপযুক্ত ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। তাই তিনি সোনালী ব্যাংকের শাহজাহানপুর শাখায় যোগাযোগ করেন। এই ব্যাংকটি জনাব আমিনের উপার্জিত অর্থ সংরক্ষণ ও সুবিধাজনক আর্থিক লেনদেনে সাহায্য করে। এ ব্যাংকের কর্মচারিদের কাজের দক্ষতা ও সেবা প্রদান তাকে মুগ্ধ করেছে।

ক. ব্যাংকিং ব্যবসায় তহবিলের মূল উৎস কী? ১

খ. ডেবিট কার্ড কী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আমিনের জন্য উপযোগী ব্যাংক হিসাব কোনটি? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে জনাব আমিন এর বিবেচ্য বিষয়সমূহ বিশ্লেষণ করো। ৪

১০.► জনাব অর্ণব তার ব্যবসায়ী বন্ধু মি. পলকে এক লক্ষ টাকা ও তিন লক্ষ টাকার দুটি চেক প্রদান করেন। মি. পল চেক দুটি জনাব অর্ণবের নির্দেশিত ব্যাংকে উপস্থাপন করল। ব্যাংক প্রথম চেকটির টাকা নগদে প্রদান করল। কিন্তু দ্বিতীয় চেকটির বাম কর্ণারের উপরের অংশে আড়াআড়ি দুটি সমান্তরাল রেখা ও তার ভিতরে কিছু লেখা দেখে নগদে টাকা প্রদান না করে চেকটি মি. পলের ব্যাংক হিসাবে জমা করতে বলেন।

ক. ব্যাংকিং ব্যবসায়ের মূলমন্ত্র কী? ১

খ. ব্যাংক ও গ্রাহকের সম্পর্কের ধরন অনুযায়ী ডেবিট ও ক্রেডিট সম্পর্কে বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত প্রথম চেকটির ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. লেনদেনের নিরাপত্তা বিধানে দ্বিতীয় চেকটিই উত্তম— বিশ্লেষণ করো। ৪

১১.► হিরা ঈদের দিন তার বাবার কাছ থেকে ১,০০০ টাকার একটি নোট সেলামি পায়। টাকাটি হাতে নিয়ে হিরা টাকার উপর 'ক' নামক একটি ব্যাংকের নাম লেখা দেখে বাবাকে এর কারণ জানতে চাইলে বাবা বললো, উক্ত ব্যাংকটিই দেশের সকল ব্যাংক ও মুদ্রা ব্যবস্থা পরিচালনা করে।

ক. সব ব্যাংকের ব্যাংকার কে? ১

খ. নিকাশ ঘর কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লেখিত 'ক' ব্যাংকটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উক্ত ব্যাংকটির ভূমিকা মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# ফিন্যান্স ও ব্যাংকিং

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. সরকারি অর্থায়নের মূল লক্ষ্য কী?**
ⓚ সমাজকল্যাণ
ⓚ রাষ্ট্রীয় অবকাঠামোর উন্নয়ন
ⓖ সংগঠন তৈরি
ⓖ ব্যবস্থাপনায় সহায়তা

**২. ব্যবসায়ের মূল চালিকাশক্তি কোনটি?**
ⓚ মুনাফা ⓚ জনশক্তি
ⓖ অর্থায়ন ⓖ সুষ্ঠু ব্যবস্থাপনা

**৩. নিচের কোনটি লভ্যাংশ নীতি নয়?**
ⓚ স্থিতিশীল টাকা লভ্যাংশ নীতি
ⓚ মুনাফার হার লভ্যাংশ নীতি
ⓖ লভ্যাংশ প্রদান অনুপাত নীতি
ⓖ স্থির লভ্যাংশের সাথে অতিরিক্ত লভ্যাংশ

**৪. প্রাণ কোম্পানি ১২% হারে ৫০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করল। করের হার ৫০%। কর সমন্বয়কৃত মূলধন খরচ কত?**
ⓚ ৫% ⓚ ৬%
ⓖ ৭% ⓖ ৮%

**৫. ঢাকা স্টক এক্সচেঞ্জে কতটি সূচক ব্যবহার করা হয়?**
ⓚ ২টি ⓚ ৪টি
ⓖ ৩টি ⓖ ৫টি

**৬. ট্রেজারি বিল থেকে প্রাপ্ত আয় ঝুঁকিমুক্ত আয়ের অন্তর্ভুক্ত। কারণ—**
i. এটি সরকার কর্তৃক ইস্যুকৃত হয়
ii. এ আয়ের পরিমাণ সব সময় বেশি থাকে
iii. এ বিনিয়োগের প্রকৃত আয় প্রত্যাশিত আয়ের সমান থাকে

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৭. কোন বেসরকারি প্রতিষ্ঠান ব্যবসায় প্রতিষ্ঠানকে মধ্যমেয়াদি ঋণ দিয়ে থাকে?**
ⓚ প্রশিকা ⓚ আশা
ⓖ সৃজনী ⓖ মাইডাস

**উদ্দীপকটি পড়ো এবং ৮-১০ নং প্রশ্নের উত্তর দাও।**
সুজনের কাছে 'হিরার আলো সঞ্চয় প্রকল্প' একটি প্রস্তাব নিয়ে এসেছে। এই প্রকল্পে যদি সুজন ১০০ টাকা জমা রাখে তাহলে শতকরা ১০ ভাগ সুদ পাবে।

**৮. সুজনের ১০০ টাকার বর্তমান মূল্য কত?**
ⓚ ১০০ টাকা ⓚ ২০০ টাকা
ⓖ ১১০ টাকা ⓖ ১২১ টাকা

**৯. ১০% সুদে ১ বছর পরের ১০০ টাকার মূল্য কত?**
ⓚ ১০০ টাকা ⓚ ১০ টাকা
ⓖ ১১০ টাকা ⓖ ১২০ টাকা

**১০. বর্তমানের ১০০ টাকার ২ বছর পরের ভবিষ্যৎ মূল্য কত?**
ⓚ ১০০ টাকা ⓚ ১১০ টাকা
ⓖ ১১১ টাকা ⓖ ১২১ টাকা

**১১. মূলধন বাজেটিং-এর ধাপ হলো—**
i. নগদ প্রবাহ প্রাক্কলন
ii. বাট্টা হার নির্ধারণ
iii. মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচন ও প্রয়োগ

**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২. পাবলিক লি. কোম্পানি কয়টি উৎস থেকে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করে?**
ⓚ ২টি ⓚ ৩টি
ⓖ ৪টি ⓖ ৫টি

**১৩. বাংলাদেশ ব্যাংকের ব্যবস্থাপনায় কতজন নির্বাহী পরিচালক থাকে?**
ⓚ ৫ জন ⓚ ৪ জন
ⓖ ১৩ জন ⓖ ১২ জন

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
হাফিজ জনতা ব্যাংকে একটি প্রত্যয়পত্র চালু করে ইতালীর ব্যবসায়ী ওয়াটসনের কাছ থেকে ৩০ লক্ষ টাকার পণ্য আমদানি করেন।

**১৪. জনতা ব্যাংক কাকে নিশ্চয়তা প্রদান করবে?**
ⓚ হাফিজকে ⓚ জাহাজ মালিককে
ⓖ আমদানিকারককে ⓖ ওয়াটসনকে

Teachingbd24.com

১৫. **জনতা ব্যাংক কার পক্ষ হতে নিশ্চয়তা দিবে?**
ক) হাফিজের খ) ওয়াটসনের
গ) ডক কর্তৃপক্ষের ঘ) জাহাজ মালিকের

১৬. **নোট ও মুদ্রা প্রচলন কেন্দ্রীয় ব্যাংকের কোন ধরনের উদ্দেশ্য?**
ক) বিশেষ উদ্দেশ্য খ) প্রধান উদ্দেশ্য
গ) অন্যতম উদ্দেশ্য ঘ) গুরুত্বপূর্ণ উদ্দেশ্য

১৭. **কে গারনিশি অর্ডার দেয়?**
ক) আদালত খ) সরকার
গ) আইনমন্ত্রী ঘ) আইন সচিব

১৮. **কাগজী মুদ্রার প্রচলন শুরু হয় কখন?**
ক) বিংশ শতাব্দীতে
খ) একবিংশ শতাব্দীতে
গ) উনবিংশ শতাব্দীতে
ঘ) অষ্টাদশ শতাব্দীতে

১৯. **কখন বাট্টার হার নির্ধারণের প্রয়োজন?**
ক) আয়-ব্যয় প্রাক্কলনের পরে
খ) আয়-ব্যয় প্রাক্কলনের পূর্বে
গ) কর প্রদানের সময়
ঘ) আর্থিক বছর শেষে

২০. **কোন ধরনের ব্যাংকের উপর সরকার বা অন্য কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ নেই?**
ক) বিদেশি ব্যাংক
খ) বাজার নিয়ন্ত্রিত ব্যাংক
গ) আংশিক নিয়ন্ত্রিত ব্যাংক
ঘ) স্বশাসিত ব্যাংক

২১. **মুদ্রাবাজার নিয়ন্ত্রণে বাণিজ্যিক ব্যাংকের ভূমিকা হলো—**
i. সরকারকে সহায়তা দেয়া
ii. কেন্দ্রীয় ব্যাংকের সাথে কাজ করা
iii. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. **মানুষের জীবিকা এবং চাহিদা অনুযায়ী ব্যাংক হিসাবকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক) ২ ভাগে খ) ৩ ভাগে
গ) ৪ ভাগে ঘ) ৬ ভাগে

২৩. **গ্রাহকের প্রতি ব্যাংকের দায়িত্ব কোনটি?**
ক) ডেটর-ক্রেডিটর সম্পর্ক
খ) সততা
গ) ব্যাংক গ্রাহকের প্রতিনিধি
ঘ) আমানতকারীর নির্দেশ পালন

২৪. **ব্যাংক ও তার গ্রাহকের সম্পর্কের অবসান সম্ভাব্য কয়টি কারণে ঘটতে পারে?**
ক) ৫টি খ) ৭টি
গ) ৮টি ঘ) ৯টি

২৫. **কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলিকে কয় ভাগে ভাগ করতে পারি?**
ক) ৩ ভাগে খ) ৪ ভাগে
গ) ৫ ভাগে ঘ) বিভিন্ন ভাগে

২৬. **বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি?**
ক) লকার ভাড়া খ) নিরীক্ষকের বিল
গ) পরিচালকের ভাতা ঘ) বিমা প্রিমিয়াম

২৭. **যেকোনো ব্যক্তি ব্যাংকের কাছে টাকা জমা দিলে সে কী হিসেবে বিবেচিত হয়?**
ক) অছি খ) ক্রেডিটর
গ) ডেটর ঘ) প্রতিনিধি

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**

জারিফ একজন শেয়ার ব্যবসায়ী। বর্তমানে শেয়ার বাজারে অব্যাহত দর পতনের কারণে তিনি বিকল্প হিসেবে ঋণপত্র ক্রয় করেন।

২৮. **জারিফ শেয়ার ও ঋণপত্রের বিকল্প হিসেবে কোনটি ক্রয় করতে পারেন?**
ক) বাণিজ্যিক পত্র খ) বন্ড
গ) প্রাপ্য বিল ঘ) প্রদেয় বিল

২৯. **জারিফ যে কারণে ঋণপত্র ক্রয় করেন—**
i. দীর্ঘমেয়াদে এর সুদের হার স্থির থাকে
ii. ঋণপত্রে বিনিয়োগে লোকসানের কোনো ঝুঁকি থাকে না
iii. ঋণ গ্রহণকারী ঋণের সুদ ও আসল পরিশোধে বাধ্য থাকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. **সংরক্ষিত আয়ের কী ধরনের ব্যয় থাকে?**
ক) সুযোগ ব্যয় খ) অভ্যন্তরীণ ব্যয়
গ) পরিচালন ব্যয় ঘ) উৎপাদন ব্যয়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com